Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 24 June, 2025

আলোচিত মডেল, অভিনেত্রী ও সুপ্রিম কোর্টের আইনজীবী জান্নাতুল ফেরদৌস পিয়ার বাবা মাহমুদ হাসান চৌধুরী আর নেই (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।সোমবার (২৩ জুন) সন্ধ্যায় খুলনার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

বাবার মৃত্যুর খবরটি পিয়া জান্নাতুল নিজেই নিশ্চিত করেছেন সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে।বাবার মৃত্যুসংবাদ পাওয়ার পরপরই খুলনার উদ্দেশে রওনা দেন তিনি।পরিবার সূত্রে জানা গেছে, সেখানেই জানাজা ও দাফন সম্পন্ন হবে।

পরিবারের পক্ষ থেকে পিয়ার বাবার রুহের মাগফিরাত কামনা করা হয়েছে এবং সবার কাছে দোয়া চাওয়া হয়েছে।

পিয়া জান্নাতুল সম্পর্কে:

২০০৭ সালে মিস বাংলাদেশ খেতাব জেতেন পিয়া জান্নাতুল।২০০৮ সালে র‍্যাম্প মডেলিংয়ের মাধ্যমে কর্মজীবন শুরু করেন তিনি। পরবর্তীতে বিভিন্ন আন্তর্জাতিক ও দেশীয় ব্র্যান্ডের বিজ্ঞাপনে কাজ করে খ্যাতি লাভ করেন।
২০১২ সালে ‘চোরাবালি’ সিনেমার মাধ্যমে চলচ্চিত্রে অভিষেক ঘটে তার।অভিনয়ের পাশাপাশি পেশাগতভাবে তিনি একজন আইনজীবী হিসেবে সুপ্রিম কোর্টে প্র্যাকটিস করছেন।

জান্নাতুল ফেরদৌস পিয়া মডেল অভিনেত্রী সুপ্রিম কোর্টের আইনজীবী মাহমুদ হাসান চৌধুরী,মৃত্যুসংবাদ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:10

URL: https://timestodaybd.com/public/entertainment/7758073635